

পরিবেশ বিষয়ক কুইজ প্রতিযোগিতা

ভারত সরকারের পরিবেশ ও বন মন্ত্রণালয়ের ব্যবস্থাপনায় পরিবেশ বিষয়ক অনলাইন কুইজ প্রতিযোগিতা “প্রকৃতি খোঁজ” ৫ই সেপ্টেম্বর, ২০১৭ তারিখ শুরু হবে। এই প্রতিযোগিতার প্রথমপর্ব চলবে ৩১ ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত।

এই প্রতিযোগিতা মোট তিনটি বিভাগে শুধুমাত্র ইকোল্লাব বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের মধ্যে (৮-১২ বছর, ১৩-১৫ বছর এবং ১৬-১৮ বছর) রাজ্যস্তরে দুটি পর্যায়ে এবং জাতীয় স্তরে তিনটি পর্যায়ে সম্পন্ন হবে।

প্রতিযোগিতায় প্রত্যেক অংশগ্রহনকারীকে E-Certificate প্রদান করা হবে। জাতীয় স্তরে সফল প্রতিযোগীদের প্রতিটি বিভাগে ১ম পুরস্কার (৫০,০০০ টাকা) — ১টি, দ্বিতীয় পুরস্কার (৪০,০০০ টাকা) — ২টি, তৃতীয় পুরস্কার (২৫,০০০ টাকা) — ৫টি এবং সান্তনা পুরস্কার (১০,০০০ টাকা) — ১০টি প্রদান করা হবে।

রাজ্যের সমস্ত ইকোল্লাব বিদ্যালয় কর্তৃপক্ষকে প্রতিটি বিভাগে সর্বোচ্চ ৫(পাঁচ) জন ছাত্র/ছাত্রীর নাম, ছাত্র/ছাত্রীর জন্মের তারিখ, অভিভাবকের নাম এবং মোবাইল নাম্বার, বিদ্যালয়ের ইকোল্লাব ভারপ্রাপ্ত শিক্ষক/প্রধান শিক্ষকের মোবাইল নাম্বার এবং বিদ্যালয়ের E-mail id সহ ১০ই আগস্ট, ২০১৭ ইং এর মধ্যে আগরতলা, উদয়পুর, আমবাসা এবং কুমারঘাটস্থিত ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের অফিসে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে।

এই সম্পর্কে বিস্তারিত তথ্য এবং প্রয়োজ্য পর্ষদের ওয়েবসাইটে www.tspcb.tripura.gov.in দেওয়া আছে।



ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ